



জেলা পরিষদ নারায়ণগঞ্জ

web: www.zpnarayananganj.gov.bd

স্মারক নং: জেঃপঃনাঃগঞ্জ/প্রকৌঃ/০৪-২০২৪-২০২৫/২৫৬

তারিখঃ ২৮-০৭-২০২৫ খ্রিঃ।

ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ণ বিজ্ঞপ্তি

বিষয়: সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য তালিকাভুক্ত ঠিকাদারের লাইসেন্স নবায়ন ও আগ্রহী নতুন ঠিকাদার অর্ন্তভুক্তি করণের বিজ্ঞপ্তি।

নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের সীমিত দরপত্র পদ্ধতির আওতায় নতুন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্ত করার নিমিত্তে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ৫২ এর শর্ত অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে এবং ইতিপূর্বে তালিকাভুক্ত ঠিকাদারদের মধ্যে যারা ২০২৫-২০২৬ অর্থ বছরে ঠিকাদার তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন করতে ইচ্ছুক তাদেরকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নতুন তালিকাভুক্তি ও লাইসেন্স নবায়নের জন্য অনুরোধ করা হলো। নিম্নবর্ণিত তারিখের মধ্যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান লাইসেন্স নবায়ন ও নতুন তালিকাভুক্তির জন্য আবেদন করিতে পারিবেন। নতুন তালিকাভুক্তি করণ ও নবায়ন ফরম অত্র কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জমা ও জমা দেয়ার শেষ তারিখ ৩০-০৮-২০২৫ খ্রিঃ পর্যন্ত।

শর্তাবলী:

বি: প্র: আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। অন্যথায় তালিকাভুক্তির জন্য বিবেচনা করা সম্ভব হবে না:

- ১। নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।
- ২। কর নিবন্ধন নম্বর (TIN Number) এবং কর পরিশোধ করার বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র
- ৩। মূল্য সংযোজন ভ্যাট সনদপত্র।
- ৪। বর্তমান অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি।
- ৫। আর্থিক সামর্থ্য সম্পর্কিত যথোচিত ব্যাংক প্রতিবেদন (Bank Statment) সর্বনিম্ন ৫.০০ (পাঁচ লক্ষ) টাকা।
- ৬। জাতীয় পরিচয় পত্র (আইডি কার্ড)।
- ৭। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
- ৮। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৯। অভিজ্ঞতা (যদি থাকে)।
- ১০। নতুন লাইসেন্সের জন্য আবেদনের সহিত এক হাজার টাকার ব্যাংক ড্রাফট, প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবরে (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
- ১১। জরুরীকায় সাহায্য চুক্তি সম্পাদনের বিষয়ে কোন আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি উহার কোন কর্মচারীর উপর বিধি নিষেধ আরোপ করা হয় নাই মর্মে উহার আইনগত সক্ষমতার সমর্থনে এফিডেফিট দাখিল করতে হবে।

২৮/০৭/২০২৫
(মোঃ ইকবাল হোসেন)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

E-mail: zpnarayananganj@gmail.com

স্মারক নং: জেঃপঃনাঃগঞ্জ/প্রকৌঃ/০৪-২০২৪-২০২৫/২৫৬ (০৪)

তারিখঃ ২৮-০৭-২০২৫ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য:

- ০১। প্রশাসক, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ;
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ;
- ০৩। সম্পাদক জাতীয় দৈনিক দেশ রূপান্তর, জাতীয় Daily Observer পত্রিকায় বর্ণিত বিজ্ঞপ্তিটি আগামী ২৯-০৭-২০২৫ ইং তারিখের মধ্যে স্বল্প পরিসরে ৪ কলাম ৮" ইঞ্চিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- ০৪। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

২৮/০৭/২০২৫
(মোঃ ইকবাল হোসেন)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।